দৈনিক বাংলা 15

তারিখ 13 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 2

### কাঠমন্ডুতে পররাষ্ট্রমন্ত্রী সম্মেলনে সিদ্ধান্ত

# বাংলাদেশে সার্ক কৃষি তথ্য কেন্দ্র হবে

কাঠমন্ডু, ১২ই আগস্ট (বাসস)।—দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সমিতির (সার্ক) দু'দিনব্যাপী পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন আজ এখানে শেষ হয়েছে। সম্মেলনে সার্ক কৃষি তথ্য কেন্দ্র স্থাপনের প্রস্তাব চূড়ান্তকরণকে স্বাগত জানিয়ে সাত পৃষ্ঠার একটি খসড়া রিপোর্ট অনুমোদন করা হয়। এই কেন্দ্র স্থাপিত হবে বাংলাদেশে।

সম্মেলনে কৃষি তথ্য কেন্দ্র স্থাপনের জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বাংলাদেশ সরকারকে অনুরোধ জানানো হয়। সার্কের অধীনে এটাই হবে প্রথম আঞ্চলিক প্রতিষ্ঠান।

আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্র হিসাবে শিক্ষাকে অন্তর্ভুক্ত করার বাংলাদেশের প্রস্তাব পরীক্ষা করে দেখতে স্থায়ী কমিটির সুপারিশ মন্ত্রিপরিষদ অনুমোদন করেছে। পরিষদ সম্মত হয়েছে যে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## তথ্য কেন্দ্র হবে

(১-এর পৃঃ পর)

শিক্ষা ক্ষেত্রে সহযোগিতার পরিধি নির্ধারণ করে সদস্য দেশগুলো প্রস্তাব প্রণয়ন করবে।

মন্ত্রীরা সার্ক মৈত্রী বিশ্ববিদ্যালয় স্থাপনের বাংলাদেশের ধারণা নিয়েও আলোচনা করেন।

পরিষদ মহিলাদের জন্য একটি আঞ্চলিক ফোরাম সংক্রান্ত বাংলাদেশের সুপারিশ আলোচনা করেন এবং মহিলা উন্নয়ন সংক্রান্ত টেকনিক্যাল কমিটিতে প্রস্তাব পেশের জন্য বাংলাদেশকে অনুরোধ জানান।

নয়া সদস্যপদ প্রদান ও অতিথির মর্যাদায় পর্যবেক্ষক গ্রহণ প্রশ্নে পরিষদ স্থায়ী কমিটির সুপারিশ অনুমোদন করেন। স্থায়ী কমিটির সুপারিশে বলা হয় যে সনদের লক্ষ্য ও নীতিমালা মেনে নিলে এই অঞ্চলের যেকোন দেশকে রাষ্ট্র বা সরকার প্রধানদের সর্বসম্মত সিদ্ধান্তের মাধ্যমে সমিতির সদস্যপদ দেয়া যেতে পারে।

রাষ্ট্র বা সরকারপ্রধান পর্যায়ে বর্তমান সদস্যরা ও নতুন সদস্যের একটি যুক্ত ঘোষণায় স্বাক্ষরের মাধ্যমে নতুন সদস্য গ্রহণ করা হবে।

পরিষদ আরো মনে করেন যে সমিতির পর্যবেক্ষক মর্যাদা প্রদানের রেওয়াজ চালু করা "এই পর্যায়ে" সময়োচিত হবে না।

সহযোগিতার স্বীকৃত ক্ষেত্রে সদস্যদেশগুলো বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাগুলোর (এনজিও) কর্মতৎপরতাকে উৎসাহিত করবে এই মর্মে একটি সুপারিশও পরিষদ অনুমোদন করেছেন।

### সার্ক খাদ্য নিরাপত্তা ভান্ডার

দক্ষিণ এশীয় খাদ্য নিরাপত্তা ভান্ডার শুক্রবার থেকে কার্যকর হয়েছে। পররাষ্ট্রমন্ত্রীরা এই মর্মে একটি সিদ্ধান্ত অনুমোদন করেছেন। গত বছর কাঠমন্ডু শীর্ষ বৈঠকে খাদ্য নিরাপত্তা ভান্ডার গড়ে তোলার সিদ্ধান্ত নেয়া হয়।

ঘাটতি দেখা দিলে যেকোন সদস্য দেশ এই ভান্ডার থেকে দুই লাখ ২০ হাজার ন'শ' মেট্রিক টন খাদ্য তুলতে পারবে। ভারত এই ভান্ডারে সবচেয়ে বেশি পরিমাণ এক লাখ ৫৩ হাজার দু'শ' টন খাদ্যশস্য দিয়েছে। বাংলাদেশ দেবে ২১ হাজার একশ' টন। পাকিস্তান দিয়েছে ৪০ হাজার টন। অন্যদের অংশ হচ্ছেঃ ভুটান ১৮০ টন, নেপাল তিন হাজার ছয় শ' টন, শ্রীলংকা দুই হাজার আট শ' টন ও মালদ্বীপ ২০ টন।

সন্ত্রাসবাদ দমন সংক্রান্ত সার্ক আঞ্চলিক কনভেনশন ২২শে আগস্ট থেকে কার্যকর হবে। গত বছর কাঠমন্ডু শীর্ষ বৈঠকে এই কনভেনশন স্বাক্ষর করা হয়।